

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax- 8189029



স্মারক নং ৪৭.৬২.৮৭.০০০০.৯৬৬.০০.৩৪৯.১৫. ৬৮২

তারিখঃ ১৮/১০/২০২০খ্রিঃ


বিষয়ঃ ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ অনুমোদন সংক্রান্ত।

সূত্রঃ উপপরিচালক, বিআরডিবি, ঝিনাইদহ, স্মারক নং ৮১৫, তাং ১২.১০.২০২০খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র কর্মসূচীর আওতায় ঝিনাইদহ জেলার কোটচাদপুর উপজেলাধীন বলরামপুর মাঝেরপাড়া মহিলা সমিতির সদস্য জনাব সুলতানা খাতুন (৪০১৪৪২-৩৫-৩৪) স্বামী- মোঃহাবিবুর রহমান “গরু খামার” আইজিএ ভিত্তিক ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের একটি প্রকল্প প্রস্তাব দাখিল করেছেন। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কোটচাদপুর সরেজমিনে পরিদর্শনপূর্বক ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ অনুমোদনের সুপারিশ এবং উপপরিচালক, বিআরডিবি, ঝিনাইদহ কর্তৃক প্রস্তাবটি অনুমোদনের সুপারিশের প্রেক্ষিতে বর্ণিত প্রকল্প প্রস্তাবের সার্বিক বিষয় বিবেচনা করে নিম্নোক্ত শর্তে ২,০০,০০০/-(এক লক্ষ) টাকা’র ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ অনুমোদন করা হ’ল।

শর্তসমূহঃ

১. উদ্যোক্তা সদস্য প্রস্তাবিত প্রকল্প ব্যয়ের অবশিষ্ট অংশ নিজে নির্বাহ করবেন;
২. চাহিত ঋণের ন্যূনতম সমপরিমান মূল্যের স্থাবর সম্পত্তির দলিল মরগেজ হিসেবে দাখিল করতে হবে (সাব-রেজিস্ট্রি অফিসের মাধ্যমে মরগেজ করতে হবে); যদি ঋণ গ্রহীতার স্থায়ী সম্পদ না থাকে তাহলে তাঁর বৈধ বা আইনগত অভিভাবক (স্বামী/পিতা) বা গ্যারান্টর এর সম্পদ মরগেজ রাখতে হবে ;
৩. ঋণের বিপরীতে পরিশোধযোগ্য সমপরিমান অর্থের অগ্রীম তারিখের ক্রেস চেক (“দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প” শিরোনামে) গ্রহন এবং ঋণের জামিনদার হিসেবে তাঁর বৈধ বা আইনগত অভিভাবক কর্তৃক পরিশোধযোগ্য সমপরিমান অর্থ পরিশোধের অঙ্গীকারনামা ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ গ্রহণ করতে হবে ;
৪. উপপরিচালক,বিআরডিবি,সংশ্লিষ্ট জেলা বর্ণিত ঋণ আদায় কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণসহ তদারকি করবেন ;
৫. আবেদনকৃত ঋণের ন্যূনতম ১৫% সঞ্চয় জমা থাকতে হবে;
৬. সাপ্তাহিক কিস্তিতে ঋণ আদায় নিশ্চিত করতে হবে;
৭. মঞ্জুরীকৃত ঋণ সদস্যের নামে ক্রেস চেকের মাধ্যমে ডিসি/ডিডি/ইউএনও/গণ্যমান্য ব্যক্তির উপস্থিতিতে বিতরণপূর্বক ছবি সংরক্ষণ ও প্রেরণ করতে হবে ;
৮. প্রস্তাবিত প্রকল্পের কাজ সম্পন্নকরতঃ ছবি প্রেরণ করতে হবে;
৯. অনুমোদিত ঋণের পরিমানের আলোকে তমসুক,একরারনামা ও ডিপি নোট (সদস্য ও সমিতি ওয়ারী) ইত্যাদি হালনাগাদ করতে হবে;
১০. ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ নীতিমালার ব্যত্যয় হলে বা সংযুক্ত দলিল পত্র/তথ্য ভবিষ্যতে ভুল প্রমানিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী দায়ী থাকবেন।


মোহাম্মদ হাশেম আল-আমিন
কর্মসূচি পরিচালক
ফোনঃ ০২-৮১৮০১৪৪

উপপরিচালক
বিআরডিবি, ঝিনাইদহ।

স্মারকনং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৩৪৯.১৫.

তারিখঃ ১৮/১০/২০২০খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কোটচাদপুর, ঝিনাইদহ।
৪. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), কোটচাদপুর, ঝিনাইদহ।
৬. অফিসথি/গার্ডফাইল।

আল-আমিন
সহকারী পরিচালক